ট্রেন থেকে ভিডিও ধারণের খুঁটিতে আঘাত লেগে দামুড়হুদার এক শিক্ষার্থীর মৃত্যু

মঙ্গলবার বিকেল সাড়ে ৪টার দিকে উপজেলার পাকশী রেলওয়ে স্টেশনের ৫০০ মিটার অদূরে এ ঘটনা ঘটে। নিহত ইমজামাম হোসেন চুয়াডাঙ্গার দামুরহুদা উপজেলার কতুবপুর গ্রামের মিজানুর রহমানের ছেলে। সে চলতি বছরের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ইমজামাম পরিবারের সদস্যদের সঙ্গে যশোরের বেনাপোল থেকে ঢাকাগামী আন্তঃনগর বেনোপোল এক্সপ্রেস ট্রেনে ঢাকা যাচ্ছিল। ট্রেন পাকশী রেলওয়ে স্টেশন অতিক্রম করার পর ট্রেনের দরজায় ঝুলে সে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভিডিও ধারণ করছিল। এসময় সিগন্যালের খুঁটিতে আঘাত লেগে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ঈশ্বরদী রেলওয়ে স্টেশন পুলিশ ফাঁড়ির উপ-পরিদর্শক (এসআই) হারুনুজ্জামান রুমেল বলেন, মরদেহ উদ্ধার করে পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে রেল থানায় অপমৃত্যুর মামলা করা হয়েছে।

দামুড়হুদা জুড়ানপুর ইউপি সচিবের বিদায় ও নবাগত সচিবের বরণ

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়ন পরিষদের সচিব মোহাম্মদ আলমগীর হোসেন এর বিদায় এবং নবাগত সচিব মো. সুজাল আহমেদ এর বরণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুর ২ টার সময় জুড়ানপুর ইউনিয়ন পরিষদের আয়োজনে

মেহেরুন্নেছা পার্কে বিদায় ও বরণ অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ সোহরাব হোসেন।

এসময় পরিষদের হিসাব সহকারী হাসিবুল হাসান এর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন পরিষদের বিদায়ী সচিব মোহাম্মদ আলমগীর হোসেন, নবাগত সচিব মো. সুজাল আহমেদ, ১নং ওয়ার্ড মেম্বার মোখলেছুর রহমান, ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা সবুজ আলী,সাংবাদিক মশিউর রহমান। এসময় অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন উপজেলা উপসহকারী প্রকৌশলী আক্তারুজ্জামান, গাংনী ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী আরমান হোসেন, ইউপি সদস্য খোকন আলী, রতন আলী, ইমরান হোসেন,নজরুল ইসলাম, মহিলা ইউপি সদস্য নুরজাহান বেগম,সোনিয়া আক্তার।এছাড়াও ইউনিয়ন পরিষদের কর্মকর্তা-কর্মচারী এবং গ্রাম পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

ইউপি চেয়ারম্যান মোঃ সোহরাব হোসেন বক্তব্য বলেন, আমাদের বিদায়ী সচিব মোহাম্মদ আলমগীর হোসেন একজন দক্ষ এবং পরিশ্রমী কর্মকর্তা ছিলেন। তিনি তার মেধা, শ্রম, দক্ষতা এবং প্রাজ্ঞতার মাধ্যমে এই ইউনিয়ন পরিষদের সম্মান বৃদ্ধি করেছেন। তিনি প্রতিদিন খুব সকালে পরিষদে এসে নির্ধারিত সময় পর্যন্ত দায়িত্ব পালন শেষে আবার বাড়িতে গিয়েও পরিষদের কাজ করতেন। করোনার দুর্যোগে তিনি মেম্বার এবং গ্রাম পুলিশদের সাথে জনসচেতনতার পাশাপাশি মানবিক কাজ করেছেন। আমরা বিশ্বাস করি এই মানুষটি যেখানেই যাবেন, সেখানে তিনি তার কর্মের দ্যুতি ছড়িয়ে দিতে পারবেন। পরে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নেতৃত্বে পরিষদের পক্ষ থেকে বিদায়ী সচিব মোহাম্মাদ আলমগীর হোসেনের হাতে ভালোবাসা স্বরূপ শুভেচ্ছা স্মারক এবং উপহার তুলে দেয়া হয় । একই সাথে নবাগত সচিব মোঃ সুজাল আহমেদকে শুভেচ্ছা স্মারক তুলে দিয়ে বরণ করে নেয়া হয়।

দামুড়হুদার লোকনাথপুরে

আওয়ামীলীগের মতবিনিময় সভা

দামুড়হুদার হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের ৬নং ওয়ার্ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল সাড়ে ৫টার দিকে দামুড়হুদার লোকনাথপুর সহশিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মহিদুল হক সেন্টুর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাজী মোঃ আলি আহমেদ সোনা।

হাউলী ইউনিয়ন যুবলীগের সহসভাপতি জিল্লুর রহমানের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি আমিন উদ্দীন সেন্টু, হাউলী ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের মেম্বার রিকাত আলী, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শাহাজান আলী।

এছাড়াও বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতা, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ। এসময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন যুবলীগ নেতা জহুরুল ইসলাম ফকির, লিপু শাহ্।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলেন মোহাম্মদ হাসান শাহ্, মোহাম্মদ তারেক শাহ্, সম্পান শাহ্, খোকন বিশ্বাস, রাসেল শাহ্।

দামুড়হুদায় একটি ট্রাভেলসের শুভ উদ্বোধন

দামুড়হুদায় আস-সুন্নাহ হজ্জ ওমরাহ ট্যুর এন্ড ট্রাভেলস ইন্টারন্যাশনাল কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার বিকাল ৫টার সময় দামুড়হুদা বাস ষ্টান্ড নুরুন্নবী মার্কেটে ৩য় তলায়।

আস-সুন্নাহ হজ্জ ওমরাহ ট্যুর এন্ড ট্রাভেলস ইন্টারন্যাশনাল এর প্রতিষ্ঠাতা মোঃ আব্দুল মান্নান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম।
বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি, এস আই সালাউদ্দিন।

হাফেজ মাওলানা আব্দুল খালেক এর প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সাবেক চেয়ারম্যান হাজী মোহাম্মদ পিন্টু, হাজী কুতুব উদ্দিন মাস্টার, হাজী শফিকুল ইসলাম সাঈদ, হাফেজ মাওলানা শফিকুল ইসলাম, হাজী মোহাম্মদ সিরাজুল ইসলাম, মাওলানা আশরাফুল আলম, হযরত মাওলানা আব্দুর রহমান, মাওলানা মিরাজুল ইসলাম, ওমর ফারুখ, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ।

আস-সুন্নাহ হজ্জ ওমরাহ ট্যুর এন্ড ট্রাভেলস ইন্টারন্যাশনাল এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হাফেজ মাওলানা মোহাম্মদুল হোসাইন সাদ্দাম বলেন যাদের হজ্জ ও উমরাহ করার তীব্র আকাঙ্ক্ষা আছে কিন্তু আর্থিক সমস্যার কারণে হজ্জ ও উমরাহ করতে পারছেন না তারা ছোট একটি পরিকল্পনা গ্রহণ করতে পারেন। সেটা হলো আপনারা একটি গরু পালন করে এক থেকে দুই বছরের মধ্যে হজ্জ বা ওমরাহ পালন করতে পারেন। আমাদের এখানে আপনি মাসিক সঞ্জয়ের পরিকল্পনা, দৈনিক সঞ্জয় পরিকল্পনা, অনিয়মিত সঞ্জয় পরিকল্পনা, এককালীন সঞ্জয় পরিকল্পনা। এবং পাসপোর্ট অনলাইন করতে পারবেন,ইন্ডিয়ান ভিসা প্রসেসিং করানো হয়। সৌদির ভিসা প্রসেসিং করানো হয়, কম খরচে ওমরাহ হজসহ তুর্ক, দুবাই ও মিশরের প্যাকেজ ট্যুর করা হয়,বিশ্বের সকল দেশে এয়ার টিকিট ও ভিসা প্রসেসিং করা হয়। বাংলাদেশের মধ্যে দর্শনীয় স্থান যেমন কক্সবাজার, সাজেক, রাঙ্গামাটি, বান্দরবান, সিলেট, স্বপ্নপুর, কুয়াকাটাসহ বিভিন্ন প্রর্যটন কেন্দ্রে ট্যুর এন্ড ফ্যামিলি প্যাকেজ ট্যুরের সু-ব্যবস্থা আছে।

আলমডাঙ্গায় পরকীয়ার প্রেমিক জুটিকে জুতার মালা দিলেন ইউপি চেয়ারম্যান, গ্রেপ্তার ৩

আলমডাঙ্গা উপজেলার তিয়রবিলা গ্রামে পরকীয়ার অভিযোগে প্রবাসীর স্ত্রী ও ব্যবসায়ীকে জুতাপেটা করেছেন স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সালিশকারীরা। পরে তাদের জুতার মালা পরিয়ে এলাকায় ঘোরানো হয়। গত ২৯ এপ্রিল শনিবার এই ঘটনা ঘটলেও সোমবার বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়লে সকলের নজরে আসে।

এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে ভুক্তভোগী ব্যবসায়ী লালন হোসেন সোমবার সন্ধ্যায় খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-সাবেক ইউপি সদস্যসহ ৫ জন ও অজ্ঞাত ৩-৪ জনের বিরুদ্ধে মামলা করেছে। ওই মামলায় সালিশকারী তিনজনকে রাতেই গ্রেপ্তার করেছে পুলিশ।

গ্রেপ্তারকৃত আসামীরা হলেন, খাসকররা গ্রামের শফি মল্লিক (৬০), হাসান আলী (৩০), কলম জোয়ারদার (৬০)। আজ মঙ্গলবার দুপুরে আদালতের মাধ্যমে তাদের কারাগারে পাঠানো হয়।

স্থানীয়রা জানান, উপজেলার খাসকররা ইউনিয়নের তিয়রবিলা গ্রামের এক প্রবাসীর স্ত্রীর সঙ্গে ব্যবসায়ী যুবক লালনের পরকীয়ার সম্পর্ক গড়ে ওঠে। এ নিয়ে খাসকররা ইউনিয়নের তিয়রবিলা গ্রামে ওই গৃহবধূর বাড়ির সন্নিকটে সালিশ বৈঠক ডাকেন ইউপি চেয়ারম্যান। অভিযুক্ত লালন সালিশে আসতে না চাইলেও জোরপূর্বক তাকে বাড়ি থেকে তুলে নিয়ে আসা হয়। প্রায় ২ শতাধিক সাধারণ মানুষের উপস্থিতে বৈঠক হয়। পরে সালিশের সিদ্ধান্ত মোতাবেক পরকীয়া গৃহবধূ ও লালনকে শারীরিক নির্যাতনের পর জুতার মালা পড়িয়ে এলাকা ঘুরাই। এছাড়াও দেড় লক্ষাধিক টাকা জরিমানা ও দু’জনকে গ্রাম ছাড়তে নির্দেশ দেয়, খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাফসির আহম্মেদ লাল। এ ঘটনায় সালিশকারীরা প্রভাবশালী হওয়ায় ভয়ে কেউ প্রতিবাদ করতে সাহস করেননি।

ভুক্তভোগী ব্যবসায়ী লালন বলেন, ‘ ইউপি চেয়ারম্যানের সাথে পূর্ব বিরোধের জেরে ওরা আমাকে জোর করে বেধেঁ গ্রামের সবার সামনে জুতার মালা দিয়েছে এবং জুতার মালা পরিয়ে সারা গ্রাম ঘুরিয়েছে। এখন আর বাঁচার ইচ্ছে নেই আমার। আমি এর বিচার চাই। সোমবার রাতেই

থানায় মামলা করেছি’

খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাফসির আহম্মেদ লালের সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, ‘ঘটনা শোনার পরই মামলা নিয়েছি। সোমবার রাতে অভিযান চালিয়ে এ ঘটনায় জড়িত তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। এ ঘটনার সঙ্গে যারা জড়িত তদন্ত সাপেক্ষে প্রত্যেককে আইনের আওতায় আনা হবে। এছাড়াও মূল হোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ অন্যরা পলাতক রয়েছে।

আলমডাঙ্গায় স্কুল মিল্ক ফিডিং কার্যক্রমের উদ্বোধন

আলমডাঙ্গায় স্কুল মিল্ক ফিডিং কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। সোমবার সকাল সাড়ে ১১টায় প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের (এলডিডিপি) অর্থায়নে এবং উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে প্রধান অতিথি হিসেবে উপজেলার কালিদাসপুর ইউনিয়নের কালিদাসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মসূচীর উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-১ আসনের এমপি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন।

উদ্বোধনকালে এমপি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা আমাদের শিশুদের পুষ্টির অভাব দূর করতে এ প্রকল্প হাতে নিয়েছেন। এটা শুধু কালিদাসপুর স্কুল নয়,পর্যায়ক্রমে প্রতিটি স্কুলকে এ প্রকল্পের আওতায় আনা হবে। আপনারা যারা উপন্থিত আছেন আপনারা বাড়িতে গরু পালন করবেন। এতে শিশুদের পুষ্টির চাহিদা পূরণ করা সম্ভব হবে।
তিনি বলেন, আমাদের সরকার শিক্ষাবান্ধব সরকার। ছেলেমেয়েদের বিনামূল্য বই দেওয়া,প্রতিটি স্কুলের ভবন নির্মাণ করাসহ শিক্ষাখাতের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

ভারপ্রাপ্ত (ইউএনও) রেজওয়ানা নাহিদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, ভাইসচেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. শামসুজ্জোহা, সহকারী শিক্ষা অফিসার বখতিয়ার হোসেন।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমঙ্গীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইন, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজনীন বানু, ম্যানেজিং কমিটির সভাপতি শরিফ উদ্দীন, সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল হক,ছাত্রলীগ নেতা বাদশা, সাকিব, রকি, টিটন প্রমুখ।

দর্শনা থানার নবাগত ওসির যোগদান ও বিদায়ী ওসিকে সংবর্ধনা

দর্শনা থানায় নবাগত অফিসার ইনচার্জ (ওসি)র যোগদান ও বিদায়ী ওসিকে সংবর্ধনা দেওয়া হয়েছে। সোমবার বিকাল ৫ টার দিকে দর্শনা থানা চত্বরে বিদায় ও বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দর্শনা থানা কর্তৃক আয়োজিত বিদায় ও নবাগতকে বরণ অনুষ্ঠানে থানার সেকেন্ড অফিসার এস,আই খান আব্দুর রহমানের সঞ্চলনায় অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা, থানার বিদায়ী অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ,দর্শনা থানার পরিদর্শক (তদন্ত) এস,এম আমান উল্লাহ আমান, পরিদর্শক (অপারেশন) নীরব হোসেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম, সাংবাদিক সমিতির সাধারন সম্পাদক আহসান

হাবীব মামুন, সহ-সম্পাদক নজরুল ইসলাম, সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগারের (সিডিএল) পরিচালক আবু সুফিয়ান, আওয়ামী লীগ নেতা সোলাইমান কবীর।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন থানার এ,এস,আই শফিক রহমান, সদস্য বিপ্লব হোসেন। আলোচনা শেষে দর্শনা থানার কর্মরত অফিসার ও সদস্য সহ অতিথিরা

ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করেন সদ্য যোগদানকৃত দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহাকে ও একই সাথে সংবর্ধনা দিয়ে বিদায় জানান দর্শনা থানায় কর্মরত বিদায়ী অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদকে।

অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত ও অনুষ্ঠান শেষে দোয়া পরিচালনা করেন দামুড়হুদা মডেল জামে মসজিদের পেশ ঈমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ।

দর্শনায় ৪ হাজার পিছ ভারতীয় ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধেী অভিযান চালিয়ে মোটরসাইকেলের নীচ থেকে ভারতীয় ৪ হাজার পিছ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ মোটরসাইকেল আটক করেছে।তবে আটক করতে পারেনী দর্শনা মোহাম্মদপুরের মাদক ব্যাবসায়ী মিলন হোসেনকে।

জানাযায় সোমবার দুপুর আড়াইটারদিকে দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা মোহাম্মদপুর মিন্টু মিয়ার বাড়ির সামনে।

এ সময় দর্শনা থানার এসআই খান আঃ রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে দর্শনা মোহাম্মদপুরের আব্দুর সালামের ছেলে মিলন হোসেনকে ধাওয়া

করে। পরে মিলন হোসেন এ্যাপাছি আর টি আর মোটরসাইকেল ফেলে দৌড়ে পালিয়ে যায়। পরে পুলিশ মোটরসাইকেলের সীটের নীচ থেকে ৪ হাজার পিছ ভারতীয় ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।তবে গ্রেফতার করতে পারেনী মিলন হোসেনকে।

এ ঘটনায় পুলিশ বাদি হয়ে মাদক আইনে নিয়মিত মামলা রুজু করে।

জীবননগরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

সোমবার বিকাল ৪ টায় জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে উপজেলা পর্যায়ে”বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার জনাব হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য চুয়াডাঙ্গা ২ জনাব হাজী আলী আজগার টগর, অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি জনাব মোঃ নজরুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌরসভার মেয়র জনাব মোঃ রফিকুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আঃ সালাম (ইশা), মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আয়েশা সুলতানা (লাকী), সাবেক মেয়র জনাব মোঃ জাহাঙ্গীর আলম সহ সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান গণ প্রমুখ। খেলা শেষে প্রধান অতিথি বিজয়ী দলের খেলোয়াড়দের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

জীবননগরে যুব উদ্যোক্তাদের মাঝে সম্মাননা স্মারক প্রদান

সোমবার সকাল ১১ টার সময় জীবননগর ইয়ুথ এসেম্বলির আয়োজনে উপজেলা হলরুমে এই সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো. আলী আজগার টগর।

ইয়ুথ এসেম্বলির সভাপতি মিথুন মাহমুদের সভাপতিত্বে ও ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা আব্দুল আলীম সজলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেসিআই এর পরিচালক মুনতাসির আজগার আকাশ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান, জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম, সাবেক পৌর মেয়র জাহাঙ্গীর আলম, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি মুন্সী মাহবুবর রহমান বাবু, সাধারণ সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্চল, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মির্জা তাহাজ্জত হোসেন, কেডিকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খায়রুল বাসার শিপলু, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিল্টন মোল্লা, উথলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোবারক সোহেল আহম্মেদ প্রদীপ, সাংবাদিক মাজেদুল মিল্টন, জামাল হোসেন খোকন প্রমুখ। অনুষ্ঠানে ৩৫০ জন যুব সদস্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে উপজেলার ৫ জন সফল যুব উদ্যোক্তাদের মাঝে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়